



## Baul Songs

*Shah Abdul Karim*

*Translated by Amitendu Bhattacharya*

### আগে কি সুন্দর দিন কাটাইতাম

আমরা আগে কি সুন্দর দিন কাটাইতাম  
গ্রামের নওজোয়ান হিন্দু মুসলমান  
মিলিয়া বাউলা গান আর মুর্শিদি গাইতাম

হিন্দু বাড়িতে যাত্রা গান হইত  
নিমন্ত্রণ দিত আমরা যাইতাম  
জারি গান, বাউল গান  
আনন্দের তুফান  
গাইয়া সারি গান নৌকা দৌড়াইতাম  
আগে কি সুন্দর দিন কাটাইতাম

বর্ষা যখন হইত,  
গাজির গান আইত,  
রংগে ঢংগে গাইত  
আনন্দ পাইতাম  
কে হবে মেস্বার,  
কে বা গ্রাম সরকার  
আমরা কি তার খবরও লইতাম  
হায়রে আমরা কি তার খবরও লইতাম  
আগে কি সুন্দর দিন কাটাইতাম

বিবাদ ঘটিলে পঞ্চায়েতের বলে  
গরীব কাংগালে বিচার পাইতাম  
মানুষ ছিল সরল ছিল ধর্ম বল  
এখন সবাই পাগল বড়লোক হইতাম  
আগে কি সুন্দর দিন কাটাইতাম



করি যে ভাবনা  
সেই দিন আর পাব নাহ  
ছিল বাসনা সুখি হইতাম  
দিন হইতে দিন  
আসে যে কঠিন  
করিম দীনহীন কোন পথে যাইতাম  
আগে কি সুন্দর দিন কাটাইতাম

### How Merrily We Spent the Days of Yesteryear

How merrily we spent the days of yesteryear!  
The youth of the village, Hindus and Mussalmans  
We all sang songs—*Baul* and *Murshidi*—together  
O, how merrily we spent the days of yesteryear!

When the rains poured, *Gazi* songs soared  
Sung with zest and fervour, all were enraptured  
*Jari*, *Baul* and *Sari* songs...  
Storm of songs, songs of bliss!  
Singing songs we plied our boats together  
O, how merrily we spent the days of yesteryear!

Musical theatre troupes visited Hindu homes  
Invitations were sent and all of us went  
Who will be a village council member?  
Who will be the village leader?  
Such news did we even care to gather?  
O, how merrily we spent the days of yesteryear!

When disputes arose  
Justice upon us, the poor and the destitute  
By the village council was bestowed  
The people were simple, tied by religious tethers  
Today everyone is crazy about getting richer  
O, how merrily we spent the days of yesteryear!

Now that I reflect  
Those days can't be got back  
The only desire then was to be happy  
But every passing day brings fresh difficulties



Penniless Karim, which way shall I proceed?  
O, how merrily we spent the days of yesteryear!

### প্ৰাণে আৰু সহেনা দাৰুন জ্বালা

প্ৰাণে আৰু সহেনা দাৰুন জ্বালা  
মৰণ ভালা  
প্ৰেম-ফুলেৰ গন্ধে  
ঠেঁকিয়াছি ফান্দে  
গলেতে পৰেছি প্ৰেম-মালা  
মৰণ ভালা

আহাৰ না লয় গো মনে  
নিদ্ৰা নাই দুই নয়নে  
শয়নে-স্বপনে যায়না ভোলা  
বুঝাইলে না বুঝে মনে  
জ্বলে মৰি প্ৰমাণে  
অদৰ্শনে মন-প্ৰাণ উতলা  
মৰণ ভালা

কোকিল মত মধুৰ গানে  
ভ্ৰমৰ মত মধুপানে  
বসে রই আমি যে নিৰালা  
দিয়া আমায় প্ৰেমালিঙ্গন  
শান্ত কৰ পুড়া এ মন  
সৰল তুমি নাম তোমাৰ সৰলা  
মৰণ ভালা

বাউল আব্দুল কৰিম বলে  
গণাৰ দিন ফুৰাইয়া গেলে  
যাবো চলে আমি যে একেলা  
ভাই-বন্ধু পিতা-মাতায়



কি করিবে ভবের মায়ায়  
দমের কোঠায় লাগবে যেদিন ভাল  
মরণ ভাল

**I Can't Bear this Extraordinary Pain**

I can't bear this extraordinary pain  
Dying is best  
The fragrance of the flowers of love  
Has led me to a snare: I'm trapped  
I have put round my neck love's garland

Have lost my appetite  
No sleep in the two eyes  
Can't forget her even in my dreams  
Can't reason with my mind  
Burn in the fire of passion all the time  
Without a glimpse of her  
My heart and mind are restless  
Dying is best

The cuckoo is absorbed in melodious singing  
The bee is inebriated with honey drinking  
I spend time alone sitting  
Giving love hugs quieten my mad being  
Simple-minded you are, your name's Sarala  
Hold me tight to your breast  
Dying is best

Baul Abdul Karim says  
Once the chore of counting days is over  
Alone I'll go away somewhere  
Friends, siblings and parents...  
Why entrench yourself in illusory world's fest?  
When locks are put on the chamber of breath  
I'll finally rest  
Dying is best



### কেউ বলে শাহ আব্দুল করিম কেউ বলে পাগল

যার যা ইচ্ছা তাই বলে বুঝি না আসল-নকল  
কেউ বলে শাহ আব্দুল করিম কেউ বলে পাগল

জন্ম আমার সিলেট জেলায়, সুনামগঞ্জ মহকুমায়  
বসত করি দিরাই থানায়, গাঁয়ের নাম হয় উজানধল  
কেউ বলে শাহ আব্দুল করিম কেউ বলে পাগল

কালনী নদীর উত্তরপাড়ে, আছি এক কুঁড়েঘরে  
পোস্ট-অফিস হয় ধল-বাজারে, ইউনিয়ন তাড়ল  
কেউ বলে শাহ আব্দুল করিম কেউ বলে পাগল

পিতার নাম ইব্রাহিম আলী, সোজা-সরল আল্লার অলি  
পীর-মুর্শিদের চরণ-ধুলি করিমের সম্বল  
কেউ বলে শাহ আব্দুল করিম কেউ বলে পাগল

যার যা ইচ্ছা তাই বলে বুঝি না আসল-নকল  
কেউ বলে শাহ আব্দুল করিম কেউ বলে পাগল  
কেউ বলে শাহ আব্দুল করিম কেউ বলে পাগল

### Some Call Me Shah Abdul Karim, Some Loony

They call me whatever they like  
Don't know what's true, what's a lie  
Some call me Shah Abdul Karim, some loony

Born in Sylhet division, in Sunamganj district  
I live in the village of Ujan Dhol  
Under Derai Police Station limits

In the northern bank of the Kalni river  
I lived in a thatched hut forever  
Post Office is in Dhol Bazar, Union Taral

Father's name Ibrahim Ali



I'm a simple-minded Allah's devotee  
The dust of the feet of *pirs* and *murshids*  
Is Karim's only booty  
Some call me Shah Abdul Karim, some loony

### তোমরা কুঞ্জ সাজাও গো

তোমরা কুঞ্জ সাজাও গো আজ আমার প্রাণনাথ আসিতে পারে  
দিল চায়, মন চায়, প্রাণ চায় তারে

বসন্ত সময়ে কোকিল ডাকে কুহু সুরে  
যৌবন বসন্তে মন থাকতে চায়না ঘরে

আতর গোলাপ সোয়া-চন্দন আনো যতন করে  
সাজাও গো ফুলের বিছানা পবিত্র অন্তরে

নয়ন যদি ভুলে সহিগো মন ভুলেনা তারে  
এগো প্রেমের আগুন হইয়া দ্বিগুণ দিনে-দিনে বাড়ে

আসে যদি প্রাণবন্ধু দুঃখ যাবে দূরে  
আমায় যেন ছেড়ে যায় না প্রবোধ দিও তারে

আসিবে আসিবে বলে ভরসা অন্তরে  
এ করিম কয় পাই যদি আর ছাড়িবো না তারে

### Friends, Tidy Up My Chamber

The one I love with all my heart and soul...  
Friends, tidy up my chamber; he may come now  
The Lord of my soul may come any time now

In spring the cuckoo sings in melodious tunes  
In youth's spring the soul disdains staying home

Sprinkle rose and sandalwood scent all around  
Spread out the flowerbed on the unblemished soul

Friends, him my eyes may forget but never my soul



Love's blaze only multiplies with each passing day

When dearest friend arrives sorrows will depart  
Give him counsel to not amble off leaving me behind

He'll come for sure I know it deep in my heart  
Asks Karim, once I have him in my custody  
Will I ever set him free?

### আমি বাংলা মায়ের ছেলে

আমি বাংলা মায়ের ছেলে  
জীবন আমার ধন্য যে হয়  
জন্ম বাংলা মায়ের কোলে  
বাংলা মায়ের ছেলে  
আমি বাংলা মায়ের ছেলে

বাংলা মায়ের মুখের হাসি  
প্রাণের চেয়েও ভালোবাসি  
মায়ের হাসি পূর্ণ শশী – রত্ন-মানিক জ্বলে  
মায়ের তুলনা কি আর ধরনীতে মেলে  
মা আমার শস্য-শ্যামলা সুশোভিত ফলে ফুলে  
আমি বাংলা মায়ের ছেলে

গাছে গাছে মিষ্ট ফল  
মাঠে ফলে সোনার ফসল  
রয়েছে সুশীতল জল- নদী-নালা খালে-বিলে  
কোকিল ডাকে কুহ স্বরে, বুলবুল নাচে ডালে  
শুকশারি গান গায় মা যেন থাকেন কুশলে  
আমি বাংলা মায়ের ছেলে

বাউল আব্দুল করিম বলে  
জীবন লীলা সাঙ্গ হলে  
শুয়ে থাকবো মায়ের কোলে – তাপ-অনুতাপ ভুলে  
মাকে ভুলেনা মায়ের খাঁটি সন্তান হলে



মা বিনে আর কে আছে কার – সুখে-দুখে মা-মা বলে  
আমি বাংলা মায়ের ছেলে

### **I'm Mother Bengal's Son**

The son of Mother Bengal I'm  
Born in her lap  
Blessed is my existence

The smile on her face  
Is dearer to me than life  
Her smile makes jewels glitter bright  
In the dead of the night  
Verdant and fertile my Mother  
With her none in the world can compare

Trees bear luscious fruits, the harvest's plentiful  
Refreshing the waters of her many ponds and rivers  
Cuckoos make melodic music, nightingales dance  
Popinjays sing for her eternal well-being

Baul Abdul Karim says,  
When the sport of life comes to a halt  
I'll put my head on her lap  
And forget all my regrets and faults  
Can a true son not remember the Mother?  
The giver of love and succour  
Through all that in life we savour or suffer  
Who else does one truly have  
Except one's own Mother?

### **About the Songwriter:**

Shah Abdul Karim (1916-2009) is the pre-eminent Bangladeshi Baul composer and singer of recent times. Born to poverty and hardship, he earned his living by becoming an agricultural help. As a shepherd he had enough time to jot down his passing thoughts and emotions. Nobody exactly knows the number of songs he had composed but it is estimated to be around fifteen hundred. He received his spiritual and musical training from Shah Ibrahim Mastan Baksh. His songs transcend the narrow demarcations of religious, political and national boundaries, and are shining examples of the rich heritage of devotional poetry that thrives in the land of Bengal even today. In 2001, Shah Abdul Karim was honoured with the



## TRANSLATION STUDIES



***CAESURAE: POETICS OF CULTURAL TRANSLATION VOL2: 2 (ISSN 2454 -9495)***

***JANUARY 2018***

***(UGC APPROVED E-JOURNAL, SL NO 118; JOURNAL NO 41668)***

Ekushey Padak, the second highest civilian award in Bangladesh, for his contributions to folk music and culture.

### **About the Translator:**

Amitendu Bhattacharya is Assistant Professor of English at BITS Pilani, K.K. Birla Goa Campus. He can be reached at [amitendu.bhattacharya@gmail.com](mailto:amitendu.bhattacharya@gmail.com).